ইত্তেফাক

তারিখ ২৩/১২/৮১
পৃষ্ঠা... ... ... কলাম... ...

005

# আজ প্রাথমিক শিক্ষকদের আন্দোলন শুরু

(ইত্তেফাক রিপোর্ট)

৩ দফা দাবীতে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি আজ (বুধবার) হইতে ব্যাপক আন্দোলনের কর্মসূচী লইয়াছে। কর্মসূচীর মধ্যে রহিয়াছে আজ হইতে অবিরাম সারাদেশব্যাপী প্রাথমিক শিক্ষক ধর্মঘট, আজ ও আগামীকাল (বৃহস্পতিবার) ঢাকায় মহাবিক্ষোভ ও আগামীকাল হইতে কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে আমরণ অনশন ধর্মঘট এবং স্বেচ্ছা কারাবরণ। আজ বিকাল ৩টায় বায়তুল মোকাররম প্রাঙ্গণে প্রাথমিক শিক্ষক সমাবেশ এবং আগামীকাল সকাল দশটায় একই স্থানে মূল জমায়েত অনুষ্ঠিত হইবে। আগামীকাল হইতে প্রাথমিক শিক্ষক সমিতির প্রতিটি থানা শাখার ৫ জন করিয়া সদস্য কেন্দ্রীয় শহীদ মিনারের আমরণ অনশন ধর্মঘটে অংশগ্রহণ করিবেন। প্রতি থানা শাখার আরও ৫ জন

(২য় পৃঃ দ্রঃ)

করিয়া সদস্য স্বেচ্ছায় কারাবরণ শুরু করিবে।

প্রাথমিক শিক্ষকদের ৩ দফা দাবীর মধ্যে রহিয়াছে সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদের মুক্তি, সমিতির সহিত সরকারের সম্পাদিত ৬ই মার্চের চুক্তি বাস্তবায়ন ও দ্রব্যমূল্যের সহিত সঙ্গতি রাখিয়া বেতন স্কেল পুনঃনির্ধারণ।

সমিতির ভারপ্রাপ্ত সভাপতি জনাব আলতাফ হোসেন ও সাধারণ সম্পাদক কাজী আ, কা, ফজলুল হক গতকাল এক বিবৃতিতে কোন অপপ্রচারে বিভ্রান্ত না হইয়া ৩ দফা দাবীতে সমিতি ঘোষিত কর্মসূচী পালনের জন্য প্রাথমিক শিক্ষকদের প্রতি আহ্বান জানান।

বিবৃতিতে তাঁহারা অভিযোগ করেন, রাজনৈতিক ও প্রশাসনিক সহযোগিতায় সমিতির নামে আহূত হঠকারিতামূলক সেমিনার আহ্বানের মাধ্যমে পঞ্চাশ হাজার টাকা অনুদান ঘোষণার দ্বারা একটি অবৈধ সংগঠন গড়িয়া তোলার অপচেষ্টা চালান হইতেছে।

বাংলাদেশ আওয়ামী লীগের (হা) সাধারণ সম্পাদক জনাব আবদুর রাজ্জাক।

জাসদ সভাপতি মেজর (অব) এম,এ,জলিল ও সাধারণ সম্পাদক জনাব আ, স, ম, আবদুর রব, বাংলাদেশ ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক জনাব হায়দার আকবর খান ও অন্যতম সম্পাদক জনাব রাশেদ খান মেনন আলাদা আলাদাভাবে বিবৃতিতে ও ডাকসু সভাপতি ও সাধারণ সম্পাদক, ছাত্রলীগ (জামান-জাহাঙ্গীর), ছাত্রলীগ (মুনীর-হাসিব), ছাত্রলীগ (আখতার-বাবলু), ছাত্রলীগ (ফজলু-চুন্নু), গণতান্ত্রিক ছাত্রলীগ, ইসলামী ছাত্রশিবির ও জাতীয় ছাত্র ইউনিয়ন নে[illegible] এক যুক্ত বিবৃতিতে প্রাথ[illegible]ক সমিতির দাবীর প্রতি স[illegible] জানাইয়াছেন।